দৈনিক ইত্তেফাক

তারিখ ..................
পৃষ্ঠা ৭৪ কলাম ৪

# বাকৃবিতে কৃষি বিশ্ববিদ্যালয়ে কলেজ ডে পালিত

■ বাকৃবি (ময়মনসিংহ) সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) মঙ্গলবার নানা আয়োজনে কৃষি বিশ্ববিদ্যালয় (কেবি) কলেজ ডে পালিত হয়েছে। এ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি, জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে কেবি কলেজ।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বাকৃবি উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। বিশেষ অতিথি হিসেবে বাকৃবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. জসিম উদ্দিন খান, প্রক্টর ড.এ কে এম জাকির হোসেন, আনন্দ মোহন কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. জাকির হোসেন ও প্রধান পৃষ্ঠপোষক হিসেবে কলেজ গভর্নিং বডির চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ সাখাওয়াত হোসেন উপস্থিত ছিলেন।

মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ কৃষি বিশ্ববিদ্যালয় কলেজ পরিবারের সদস্য হিসেবে মান সম্পন্ন জ্ঞান অর্জনের মাধ্যমে ক্ষুধা দারিদ্র্যমুক্ত ও বাসযোগ্য অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণের প্রতিপাদ্যকে সামনে রেখে দিবসটি পালন করা হয়।